

## 🔳 আল-আনকাবৃত | Al-Ankabut | ٱلْعَنْكَبُوت

আয়াতঃ ২৯: ৬৬

## **া** আরবি মূল আয়াত:

## 

যাতে আমি তাদেরকে যা দিয়েছি, তা তারা অস্বীকার করতে পারে এবং তারা যেন ভোগ-বিলাসে মন্ত থাকতে পারে। অতঃপর শীঘ্রই তারা জানতে পারবে। — আল-বায়ান

যার ফলে তাদের প্রতি আমার দানকে তারা অস্বীকার করে আর ভোগ বিলাসে ডুবে থাকে। শীঘ্রই তারা জানতে পারবে! — তাইসিরুল

তাদের প্রতি আমার দান তারা অস্বীকার করে এবং ভোগ বিলাসে মত্ত থাকে; অচিরেই তারা জানতে পারবে। — মুজিবুর রহমান

So that they will deny what We have granted them, and they will enjoy themselves. But they are going to know. — Sahih International

৬৬. আমরা তাদেরকে যা দিয়েছি, তার সাথে কুফরী করার এবং ভোগ-বিলাসে মত্ত থাকার উদ্দেশ্যে; সূতরাং শীঘ্রই তারা জানতে পারবে।

তাফসীরে জাকারিয়া

- (৬৬) ফলে ওরা ওদের প্রতি আমার দান অস্বীকার করে এবং ভোগ-বিলাসে মত্ত থাকে।[1] সুতরাং অচিরেই ওরা জানতে পারবে।
  - [1] الْمِكُفُّرُا তে الْمِحَمِّكِي যা কারণ বর্ণনা করার জন্য ব্যবহার হয়ে থাকে। অর্থাৎ পরিত্রাণ পাওয়ার পর তাদের শিরক এই জন্য যে, তারা আল্লাহর নিয়মত অস্বীকার করবে এবং পৃথিবীতে মজা লুটবে। কারণ যদি তারা অকৃতজ্ঞতা না করত, তাহলে ইখলাস ও একনিষ্ঠতার উপর অটল থাকত এবং শুধুমাত্র এক আল্লাহকেই সর্বদা ডাকত। অনেকের নিকট এখানে الام পরিণতি বর্ণনার জন্য ব্যবহার হয়েছে। অর্থাৎ, যদিও তাদের কুফরী করার উদ্দেশ্য ছিল না। কিন্তু পুনরায় শিরক করার পরিণতিই হল কুফরী।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3406

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন